এবার ডেঙ্গুতে নারী এসআইয়ের মৃত্যু

বার ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে এক নারী এসআইয়ের মৃত্যু হয়েছে। রাজধানীর মোহাম্মদপুর সিটি হাসপাতালে মঙ্গলবার দিবাগত রাতে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান।

ডেঙ্গু জ্বরে মৃত্যুবরণকারী এসআইয়ের নাম কোহিনুর বেগম নীলা (৩৩)। তিনি পুলিশের স্পেশাল ব্রাঞ্চের সদস্য ছিলেন। তার গ্রামের বাড়ি টাঙ্গাইলের ভুয়াপুর উপজেলায়।

মোহাম্মদপুর সিটি হাসপাতালে দায়িত্বরত কর্মকর্তা জানান, কোহিনুর বেগম নীলাকে ২৯ জুলাই (সোমবার) রাতে গুরুতর অসুস্থ অবস্থায় রাজারবাগ পুলিশ লাইন হাসপাতাল থেকে এ হাসপাতালে আনা হয়। আনার পর থেকে তাকে নিবিড় পরিচর্যা কেন্দ্র (আইসিইউ) রাখা হয়। মঙ্গলবার দিবগত রাতে তিনি মারা যান।